



নিয়োগ বিজ্ঞপ্তি

পিপলস ওরিয়েন্টেড প্রোগ্রাম ইমপ্লিমেন্টেশন (পিপি) জাতীয় পর্যায়ে একটি বেসরকারী উন্নয়ন সংস্থা। সংস্থার প্রধান কার্যালয়ের ক্ষুদ্র অর্থায়ন কার্যক্রমের জন্য এম.আই.এস অফিসার পদে যোগ্য, সৎ ও অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের নিকট থেকে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

পদের নাম : প্রোগ্রাম ম্যানেজার -এম.আই.এস

পদসংখ্যা : ০১ জন

দায়িত্ব ও কর্তব্য :

- বিভিন্ন সরকারী ও বেসরকারী প্রতিষ্ঠানের চাহিদা অনুযায়ী রিপোর্ট উপস্থাপন করা।
- এমআরএ কর্তৃক বাস্তবায়িত এমএফ-সিআইবি রিপোর্ট এমআরএ এর চাহিদা মোতাবেক সরবরাহ করা ও আপডেট রাখা।
- সংস্থার চাহিদা অনুযায়ী প্রয়োজনীয় রিপোর্ট তৈরী করা ও তা কর্তৃপক্ষের নিকট উপস্থাপন করা।
- শাখা পর্যায়ে চলমান সফটওয়্যার মাইক্রোফিন৩৬০ বাস্তবায়নে সহায়তা প্রদান করা। কোন অসংগতি পরিলক্ষিত হলে তা সমাধান করা।
- শাখা ভিত্তিক সাপ্তাহিক/মাসিক রিপোর্ট যাচাই করা এবং শাখা সমূহের সমন্বিত রিপোর্ট যাচাই ও মিলকরণ সাপেক্ষে ফাইলে সংরক্ষণ করা।
- প্রত্যেক শাখার কর্মী : সদস্য, কর্মী : ঋণী, সদস্য : ঋণ, কর্মী : ঋণস্থিতি এর অনুপাতের আদর্শমান আছে কিনা তা যাচাই করবেন এবং কর্তৃপক্ষকে অবহিত করা।
- শাখা পরিদর্শনে গেলে শাখার তথ্য সমূহ ম্যানুয়েল ও সফটওয়্যারের সাথে যাচাই করা। এক্ষেত্রে কোন অসঙ্গতি দেখা দিলে তা সমাধানের চেষ্টা করা। প্রয়োজনে উর্ধ্বতন কর্তৃপক্ষের সহযোগিতা নিয়ে শাখার তথ্য মিলকরণ করা।
- সংস্থার নীতিমালা বহির্ভূত ও কর্তৃপক্ষের অনুমতি ছাড়া যে কোন তথ্য আদান প্রদান থেকে বিরত থাকা।
- সংস্থার সঞ্চয় ও ঋণ কর্মসূচির বাৎসরিক বাজেট ও চাহিদা অনুযায়ী যে কোন বাজেট তৈরীতে সহযোগিতা করা।
- সংস্থার প্রতিটি নীতিমালা ও বাজেট যথাযথভাবে অনুসরণ করা হচ্ছে কিনা তা যাচাই করা ও কর্তৃপক্ষকে অবহিত করা।
- কম্পিউটারে করা যাবতীয় কাজের গোপনীয়তা রক্ষা করা।

শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা : স্নাতকোত্তর/সমমান ডিগ্রীধারী হতে হবে। সংশ্লিষ্ট কাজে ৩-৪ বছরের অভিজ্ঞতা থাকতে হবে।

বেতন : ৬ মাস শিক্ষানবিশকালে সর্বমোট ৬৪,৫১২/- টাকা। স্থায়ীকরণের পর : সর্বমোট ৬৯,৫২৮/-টাকা। এছাড়াও ২ টি উৎসব ভাতা, বৈশাখী ভাতা, বাৎসরিক ইনক্রিমেন্ট, প্রভিডেন্ট ফান্ড, গ্রাচুইটি, মোবাইল ভাতা, শহর ভাতা ও সংস্থার অন্যান্য সুযোগ-সুবিধা।

বয়স : সর্বোচ্চ ৪৮ বছর।

আগ্রহী প্রার্থীদেরকে জাতীয় পরিচয়পত্রসহ যাবতীয় সনদপত্রের সত্যায়িত ফটোকপি, ২ কপি রজিন ছবি, দুইজন পরিচয় প্রদানকারী ব্যক্তির নাম, ঠিকানা, পেশা, পদবী, মোবাইল নম্বর এবং আবেদনকারীর পূর্নাঙ্গ জীবনবৃত্তান্ত মোবাইলনম্বরসহ আবেদনপত্র আগামী ২৩/১০/২০২৫ তারিখের মধ্যে উপ-পরিচালক, মানবসম্পদ, পিপলস ওরিয়েন্টেড প্রোগ্রাম ইমপ্লিমেন্টেশন (পিপি), ৫/১১-এ, ব্লক-ই, লালমাটিয়া, ঢাকা-১২০৭ ঠিকানায় ডাকযোগে/কুরিয়ারে/সরাসরি প্রেরণ করতে হবে। ইমেইলেও আবেদন পাঠাতে পারেন: hr@popibd.org। অসম্পূর্ণ আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে। খামের উপরে পদের নাম উল্লেখ করতে হবে। শুধুমাত্র বাছাইকৃত যোগ্য প্রার্থীদের নিয়োগ পরীক্ষা গ্রহণ করা হবে।

“নারী-শিশু নির্যাতন ও ঝুঁকিপূর্ণ শিশুশ্রম দণ্ডনীয় অপরাধ”

web: www.popibd.org